

### চট্টগ্রাম নার্সিং কলেজের শিক্ষিকা নৃশংস খুন

চট্টগ্রাম ব্যুরো : বাসা থেকে বের হয়ে কর্মস্থল যাওয়ার পথে দুর্বৃত্তদের ধারালো অস্ত্রের আঘাতে খুন হয়েছেন চট্টগ্রাম নার্সিং কলেজের সিনিয়র শিক্ষিকা অঞ্জলী দেবী (৫৭)। গতকাল শনিবার সন্ধ্যা দশটার দিকে নগরীর চকবাজার তেলিপাথি মোড় এলাকায় এ নৃশংস ঘটনা ঘটে। পুলিশ খবর সবে ছড়িত কাউকে আটক করতে পারেনি। খবর কারণ কী- সে বিষয়ে পরিবার বা পুলিশ কিছু জানাতে পারেনি।

নিহত অঞ্জলী দেবীর পৈতৃক বাড়ি গাইবান্ধার সুন্দরগঞ্জ থানার ধোপাভাঙ্গা গ্রামে। তার স্বামী রাজেন্দ্র লাল চৌধুরী পেশায় চিকিৎসক। অঞ্জলী দেবীর বড় মেয়ে অর্পিতা চৌধুরী চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে শিক্ষানবিশ চিকিৎসক হিসেবে কাজ করছে। আর ছোট মেয়ে সংগীতা চৌধুরী ঢাকা মেডিকেল কলেজে পড়াশোনা করছে। কী কারণে অঞ্জলী দেবী খুন হলেন, সে বিষয়ে পরিবার ও পুলিশ কিছু জানাতে পারেনি। ঘটনার একজন প্রত্যক্ষদর্শীর বরাত দিয়ে পাঁচশাইল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মহিউদ্দিন মাহমুদ বলেন, বাসা থেকে বের হয়ে আনুমানিক ৩০-৩৫ লাফে যাওয়ার পর গলির ভেতরেই চার যুবক ধারালো অস্ত্র দিয়ে অঞ্জলী দেবীর মাথার পেছন ও ঘাড়ে কোপ দেয়। এ ঘটনা দেখে একজন দূর থেকে চিৎকার ও পাবর ছোড়া শুরু করলে দুর্বৃত্তরা পালিয়ে যায়। গুরুতর আহত অবস্থায় চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে নেয়ার পর দুপুর পৌনে ১২টার দিকে চিকিৎসকেরা তাকে মৃত ঘোষণা করেন। খবর ঘটনাটিকে পূর্বপরিকল্পিত বলে উল্লেখ করে ওসি জানান, দুর্বৃত্তরা অঞ্জলী দেবীর সঙ্গে থাকে ব্যাগ নিয়ে যাননি। তাই এটি হিন্তাইয়ের ঘটনা নয়। হামলার ধরণ দেখে পূর্বপরিকল্পিত ঘটনা বলে মনে হচ্ছে। বিস্তারিত তদন্তের পর কারণ বের করা সম্ভব হবে। নিহতের স্বামী রাজেন্দ্র লাল চৌধুরী বলেন, তাদের কারও সঙ্গে শত্রুতা নেই। অঞ্জলী দেবী খুন হওয়ার মতো কোনো কারণ বুঝে পাচ্ছেন না তারা। ভাড়া বন্দ্যায় থাকেন, তাই সম্পত্তি নিয়েও ঝামেলা নেই তাদের। পুলিশ জানিয়েছে, লাশের সুরতহাল প্রতিবেদনে চারটি কোপের চিহ্ন পাওয়া গেছে। এ ঘটনায় মামলার প্রস্তুতি চলছে। এদিকে হামলাকারীদের শ্রেয়তারের দাবিতে চট্টগ্রাম মেডিকেল কলেজ এলাকায় বিক্ষোভ করেছে চট্টগ্রাম নার্সিং কলেজ স্টুডেন্ট ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন। তারা অবিলম্বে এ ঘটনার সুই বিচার দাবি করেন।